

1. সব কাগজ এবং কার্ডবোর্ডের জিনিস এবং সমস্ত কাঁচন ও ম্যাগাজিনসমূহ রিসাইকেল করুন। আপনার বাথরুমের জিনিস ভুলবেন না যেমন টুথপেস্টের বাক্স এবং টয়লেট পেপারের কাগজের রোল।
2. এই সব জিনিস আপনার ব্লু বিন বা নীল রিসাইকেল বিনের মধ্যে যাবে।
3. প্লাস্টিকের বোতল, কাঁচের বোতল, জার এবং ড্রিঙ্কের ক্যান রিসাইকেল করবেন।
4. টিনফয়েল এবং ট্রের কথা ভুলে যাবেন না।
5. বোতলের ঢাকনাগুলো খুলে রেখে দিন এবং আপনার সাধারণ ময়লার বিনে ফেলুন।
6. এই সব জিনিসগুলো আপনার ব্রাউন বা খয়েরী বিনে ফেলতে হবে।
7. আপনার রান্নাঘরের খাবারের ছোট্ট বিনটিতে কম্পোস্টে পরিণত হয় এমন সবুজ বিন লাইনার দিতে হবে। এখানে খাবারের থেকে বের হওয়া ময়লাগুলো ফেলুন যেমন আপেলের ভেতরের বীজের জয়গা, হাঁড়গোড়, প্লেটের অবশিষ্ট খাবার।
8. এই বিন লাইনার ভরে গেলে আপনার সবুজ রঙের রিসাইকেল বিনে ফেলুন। সবুজ বিন এছাড়াও বাগানের ময়লাগুলোর জন্যেও ব্যবহার করা যাবে।
9. আপনার সবুজ বিন লাইনার শেষ হওয়ার আগেই বিন লাইনারের রোলার ভেতরে একটা ট্যাগ পাবেন, এই ট্যাগ আপনার সবুজ বিন নেওয়ার দিন সবুজ বিনে লাগিয়ে দিন আরেকটি বিন লাইনারের রোল পাওয়ার জন্য।
10. বিকল্পভাবে আপনি বিনামূল্যে এগুলো পেতে পারেন আপনার স্থানীয় লাইব্রেরীতে।
11. আপনার বিনের পাশে বাইরে রাখা আর কোনো ধরনের ময়লা নেওয়া হবে না এবং এটাকে ফ্লাই টিপিং হিসেবে ধরা হবে এবং এটা বেআইনী।
12. আপনার বিনগুলো এমনভাবে ফুটপাথে রাখবেন যেন বিনের চাকাগুলো রাস্তার দিকে থাকে এবং ফুটপাথকে ব্লক না করে, বিনের কর্মীরা যেন সহজভাবে বিন নিতে পারেন।
13. ভুল জিনিস ভুল বিনের মধ্যে ফেলার জন্য যদি আপনাকে কোনো ট্যাগ দেওয়া হয় তাহলে আপনাকে ট্যাগের পেছনে রিসাইক্লিং এর নির্দেশনাগুলো ভালো করে দেখতে হবে এবং ভুল জিনিসগুলো বিন থেকে সরিয়ে ফেলতে হবে।
14. বাড়ীর সাধারণ আবর্জনা আপনার গ্রে বিন মানে ছাই রঙ বা কালো বিনে ফেলবেন।
15. এই জিনিসগুলো হল ন্যাপী, প্লাস্টিকের ব্যাগ, হাঁড়ি, বিভিন্ন ধরনের কন্টেইনার, ট্রে, ক্লিং ফিল্ম ইত্যাদি।